রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৯, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ, ৫ আষাঢ় ১৪১৫ বঙ্গাব্দ/১৯ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৫৮-আইন/২০০৮/২১৮৯/শুল্ক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এবং Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে এবং জনস্বার্থে, নিম্নে উল্লিখিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত FIRST SCHEDULE এর শিরোনাম সংখ্যা (Heading No.) এবং উহাদের বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যকরণ নামকরণ কোড (H.S.Code) এর আওতাধীন কলাম (3) এ বর্ণিত পণ্যসমূহের ক্ষেত্রে আমদানি পর্যায়ে উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক, যে পরিমাণ মূল্য ভিত্তিক ৫% এর অধিক হয় সেই পরিমাণ, সমুদয় মূল্য সংযোজন কর এবং, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক হইতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

শর্তসমূহ

(১) আমদানিকারককে অবশ্যই বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর লাইসেন্সধারী International Gateway (IGW) অথবা Interconnection

Exchange (ICX) অথবা International Internet Gateway (IIG) অপারেটর হইতে হইবে এবং এই মর্মে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র এবং ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(২) আমদানিকারণ কেবলমাত্র নিজস্ব শিল্প প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি আমদানি করিতে পারিবে; আমদানিকৃত টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি হিসাবে আমদানিকারকের প্রতিষ্ঠানে ব্যবহৃত হইবে এই মর্মে বিটিআরসি এর যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং পণ্য চালানের আমদানিকৃত সত্যায়িত দলিলাদি (Proforma Invoice, Commercial Invoice, Bill of Lading/Airway Bill) এবং Letter of Credit (L/C) সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবরে পণ্য চালান শুল্কায়নের পূর্বে দাখিল করিতে হইবে;

(৩) আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত যন্ত্রপাতি অন্যবিধ কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপনীয় শুল্ক-কর প্রদানসহ Customs Act, 1969 এর অধীনে যে কোনো আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে পরিশিষ্ট-২ অনুযায়ী আমদানিকারক কর্তৃক ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

(৪) চালান আমদানির পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে আমদানিকৃত যন্ত্রপাতি সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে স্থাপন করা হইয়াছে এবং যথাযথভাবে ব্যবহৃত হইতেছে সে বিষয়ে সরেজমিনে পরিদর্শনের ভিত্তিতে বিটিআরসির যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মকর্তা কর্তৃক পরবর্তী ১ (এক) মাসের মধ্যে এই মর্মে পরিশিষ্ট-৩ অনুযায়ী প্রতিবেদন সংশ্লিষ্ট শুল্ক কমিশনার বরাবর প্রেরণ করিতে হইবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত যন্ত্রপাতি আমদানিকারকের প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে তাহা হইলে অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে; অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক ও করাদি আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

## TABLE

| Heading No. | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 85.17 | 8517.62.20 | SOFTX 3000 Equipment with Accessories |
| | 8517.62.20 | Media Gateway Switching Equipment with Accessories |
| | 8517.62.90 | iManager N2000 UMS Equipment with Accessories |
| | 8517.62.90 | AR 2800 Series Router |
| | 8517.62.90 | NE40-8 |
| | 8517.62.90 | Eudemon 1000 |
| | 8517.62.90 | iManager N2000 DMS |
| | 8517.62.40 | S5600 Ethernet Switch |
| | 8517.62.40 | S6500 Series Ethernet Switch |
| | 8517.62.40 | S3900 Ethernet Switch |
| | 8517.62.10 | OPTIX OSN-3500 |
| | 8517.62.10 | OPTIX OSN-2000 |
| | 8517.62.10 | OPTIX Metro-1000 |
| | 8517.62.10 | OPTIX IManager T2000 |
| | 8517.62.10 | Optical Fiber Transmission Equipment & Radio Transmission Equipment |
| 85.23 | 8523.29.12 | Software for SOFTX 3000 |
| | 8523.29.12 | Software for Media Gateway Switching Equipment |
| | 8523.29.12 | Software for iManager N2000 UMS |
| | 8523.29.12 | Software for OPTIX iManager T2000 |
| 85.04 | 8504.31.00 | DC Power System with necessary Installation Material |
| 85.44 | 8544.70.00 | Fiber Optic Cable |

পরিশিষ্ট-১

প্রত্যয়ন পত্র

[ শর্ত (২) দ্রষ্টব্য ]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ............................................................ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর লাইসেন্সধারী International Gateway (IGW)/Interconnection Exchange (ICX)/International Internet Gateway (IIG) অপারেটর যাহার লাইসেন্স নং.................... তারিখ .......... কর্তৃক ঋণপত্র নং ............ তারিখ ............ এর আওতায় ইনভয়েস নং .................... তারিখ ................ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ............ .................... তারিখ ................ এ উল্লিখিত বিবরণ, পরিমাণ, মূল্য অনুযায়ী টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি উক্ত প্রতিষ্ঠানে স্থাপিত হইবে এবং উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত অপারেটর কর্তৃক টেলিকমিউনিকেশন সেবা প্রদানে ব্যবহৃত হইবে। উপরি-উক্ত দলিলাদির এক কপি সত্যায়িত করে এই প্রত্যয়ন পত্রের সাথে সংযুক্ত করা হইল।

তারিখ ঃ

নাম ঃ

পদবী ঃ

সীল ঃ

পরিশিষ্ট-২

## অঙ্গীকারনামা

[ শর্ত (৩) দ্রষ্টব্য ]

আমি ..............................................(নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ....................................................................................................................................................(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর লাইসেন্স নম্বর.............................................................তারিখ..............................এই মর্মে অঙ্গীকার করিতেছি, যে, ঋণপত্র নং.........................তারিখ ..............................ইনভয়েস নং..............................তারিখ.......................বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং........................................... তারিখ.......................এর মাধ্যমে আমদানিকৃত টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রতিষ্ঠানে .......................................................(স্থানীয় পূর্ণ ঠিকানা) স্থাপিত হইবে। আমদানিকৃত টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উপরি-উক্ত প্রতিষ্ঠানে স্থাপিত না হইলে বা অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট হস্তান্তর করা হইলে উক্ত পণ্যের বিপরীতে সমুদয় শুল্ক-কর পরিশোধে এবং The Customs Act, 1969 অনুযায়ী অন্য যে কোন শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন।

১।.......................................সাক্ষী স্বাক্ষর ঃ ....................................................

২। ....................................সাক্ষী মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ..................

তারিখ ঃ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ..............................

..........................................................................

পরিশিষ্ট-৩

প্রত্যয়ন পত্র

[ শর্ত (২) দ্রষ্টব্য ]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স .............................................................................................. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন এর লাইসেন্সধারী International Gateway (IGW)/Interconnection Exchange (ICX)/International Internet Gateway (IIG) অপারেটর (লাইসেন্স নং................... তারিখ ..............) কর্তৃক ঋণপত্র নং ........ তারিখ ............ এর আওতায় ইনভয়েস নং ...................... তারিখ ................ বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ ট্রাক রিসিপ্ট নং ........... ................... তারিখ ................ এর মাধ্যমে আমদানিকৃত এবং ........ শুল্ক ভবন/স্টেশন এর বিল অব এন্ট্রি নম্বর............. তারিখ .......... ....... এর বিপরীতে খালাসকৃত সমুদয় টেলিকমিউনিকেশন যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উক্ত প্রতিষ্ঠানে স্থাপিত হইয়াছে এবং টেলিকমিউনিকেশন সেবা প্রদানে ব্যবহৃত হইতেছে।

তারিখ ঃ

নাম ঃ

পদবী ঃ

সীল ঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আবদুল মজিদ

সচিব।